

দৈনিক

আমাদের সময়

তারিখ ... 10. JUN 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কল্যাণ ... ৬ ...

পরীক্ষায় ফেল করি ১৮ ছাত্রীর মধ্যে ১৪ জন পাস করেছে

নান্দাইল প্রতিনিধি *

এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর ময়মনসিংহের নান্দাইলের এক বিদ্যালয়ের ১৮ ছাত্রী পরীক্ষায় ফেল করেছিল। এ নিয়ে বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশিত হলে টনক নড়ে শিক্ষা অধিদপ্তরের। পরে, তাদের ফল পুনর্মূল্যায়নের পর গত বুধবার প্রকাশিত ফলে ১৪ পরীক্ষার্থী পাস করেছে। তাদের মধ্যে একজন জিপিএ-৫ পেয়েছে। পুনর্মূল্যায়নে পাস করা একজন তানজিনা সুলতানা শিখা জানায়, সে মানসিকভাবে খুব ভেঙে পড়েছিল। এখন উত্তীর্ণ হতে পেরে খুবই খুশি। মৌমিতা নামে এক ছাত্রীর অভিভাবক রুজন কুমার সাহা জানান, শুরুতেই পরীক্ষার উত্তরপত্র সাবধানতার সঙ্গে মূল্যায়ন করা হলে আমাদের সন্তানরা এ ধরনের ঘটনার সম্মুখীন হতো না।